গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.৩৫.০০৩.১৩(অংশ).৫৩২/১(১৭)

২৩ কার্তিক ১৪২৪
তারিখঃ ০৭ নভেম্বর ২০১৭

বিষয়ঃ **"ভালো থেকো"** নামক চলচ্চিত্রের কিছু দৃশ্য এবং গান চিত্রায়ণের জন্য **"নেপাল"** যাওয়ার অনুমতি।

সূত্রঃ বিএফডিসির ১২ সেপ্টেম্বর ২০১৭ তারিখের স্মারক নং-এফডিসি/১৫.৬০.০০০০.০১১.০৬.১৮৪.২০১৬.১৪৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্মাণাধীন চলচ্চিত্র **"ভালো থেকো"** এর প্রযোজক জনাব কামাল হাসান চলচ্চিত্র প্রযোজক অভি কথা চিত্র, ইষ্টান কমার্শিয়াল কমপ্লেক্স ৭৩, কাকরাইল ৪র্থ তলা,(রুম নং৩/১০) ঢাকা এর আবেদনক্রমে উক্ত চলচ্চিত্রের গান ও আংশিক দৃশ্য শুটিংয়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত ০২নং অনুচ্ছেদে উল্লিখিত তালিকায় ০৭(সাত) জন শিল্পী, কলাকুশলী ও যন্ত্রপাতি নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে **"নেপাল"** গমনের লক্ষ্যে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো:

শর্ত:

ক) বিদেশে কোনো অশ্লীল দৃশ্য চিত্রায়ণ করা যাবে না;
(খ) বিদেশে অবস্থানকালীন শিল্পী-কলাকুশলী কর্তৃক কোনো অশালীন আচরণ করা যাবে না;
(গ) বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কোনো কাজ করা যাবে না। শুটিং এর উদ্দেশ্য ব্যতিত অন্য কোন কাজে অংশগ্রহণ করা যাবে না;
(ঘ) অনুমোদিত শিল্পী, কলা-কুশলী ও যন্ত্রপাতির বাইরে কোনো শিল্পী ও যন্ত্রপাতি বিদেশে নেয়া যাবে না;
(ঙ) **"ভালো থেকো"** নামক চলচ্চিত্রের পক্ষে ভ্রমণকারী কলাকুশলীগণের ঠিকানাসহ তালিকা ও ভ্রমণ তফশিল সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনে প্রযোজকের নিজ দায়িত্বে ভ্রমণ শুরুর তারিখের পূর্বেই প্রেরণ নিশ্চিত করতে হবে;
(চ) এ বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমতি গ্রহণ করবেন ও তদানুযায়ী বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করবেন;
(ছ) **"ভালো থেকো"** নামক চলচ্চিত্র বিদেশে শুটিংয়ের সময় বিদেশী শিল্পী অংশগ্রহণ করলে তাদের পারিশ্রমিক ও ভ্যাট/ট্যাক্স এর তথ্যাদি দাখিলপূর্বক বিদেশী শিল্পীর অংশগ্রহণের বিষয়ে আলাদাভাবে তথ্য মন্ত্রণালয়ের ঘটনাত্তোর অনুমোদন গ্রহণ করতে হবে;
(জ) আলোচ্য চলচ্চিত্র বিদেশে শুটিংয়ের অনুমতি প্রাপ্তির তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে চলচ্চিত্রের শুটিং সমাপ্ত করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে;
(ঝ) ভ্রমণ শেষে দেশে ফেরত কলাকুশলীগণের তালিকা/প্রতিবেদন প্রযোজনা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য মন্ত্রণালয়ে এবং বিএফডিসিতে ১৫ (পনের) দিনের মধ্যে জমা দিতে হবে। তালিকা/প্রতিবেদন প্রদান না করলে ঐ সকল প্রযোজনা প্রতিষ্ঠানকে পরবর্তীতে অন্য কোনো চলচ্চিত্রের বিদেশে শুটিং এর আবেদন বিবেচনা করা হবে না; এবং
(ঞ) আলোচ্য বিদেশ ভ্রমণ/শুটিংয়ের জন্য বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না।

০২। বিদেশে শুটিং এ অংশগ্রহণকারী শিল্পী, কলাকুশলী ও যন্ত্রপাতির তালিকা:

| ক্র: | বিদেশে শুটিং এ অংশগ্রহণকারী শিল্পী ও কলাকুশলীর তালিকা | পাসপোর্ট নম্বর | শুটিংয়ের জন্য আবেদনকৃত স্থান |
|---|---|---|---|
| ১ | জাহিদ হাসান, প্রযোজকের ছেলে (প্রতিনিধি) | BJ0496856 | নেপাল |
| ২ | মাহবুবুল আরিফিন শুভ, নায়ক | BK0748330 | |
| ৩ | তাসনিয়া ইসলাম পিংকি, নায়িকা | BA0667491 | |
| ৪ | মোঃ আসিফ উদ্দিন নায়ক (দ্বিতীয়) | BA0414304 | |
| ৫ | মোহাম্মদ মুসা মিয়া, মেকাপম্যান | BA0559204 | |
| ৬ | মোঃ ফরহাদ হোসাইন, ক্যামেরাম্যান | BL0578555 | |
| ৭ | আরিফুর রহমান, নৃত্য পরিচালক | BM0926803 | |

০৭.১১.২০১৭
(শাহীন আরা বেগম, পিএএ)
উপসচিব(চলচ্চিত্র)
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail : sas.film@moi.gov.bd

জনাব কামাল হাসান
চলচ্চিত্র প্রযোজক
৪৬/এ, ভি.আই.পি রোড (২য় তলা)
কাকরাইল, ঢাকা-১০০০।

**"ভালো থেকো"** চলচ্চিত্রের অনুমতিপ্রাপ্ত শিল্পী, কলা-কুশলীগণের নাম ও পাসপোর্টের সত্যায়িত কপি পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তর, ঢাকা ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহি:প্রচার অনুবিভাগে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

২৩ কার্তিক ১৪২৪
তারিখঃ ০৭ নভেম্বর ২০১৭

নং-১৫.০০.০০০০.০২৭.৩৫.০০৩.১৩.(অংশ) ৫৩২/১ (১৭)

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা (দৃ: আ: মহাপরিচালক, বহি:প্রচার অনুবিভাগ)।
৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন রোড, ঢাকা।
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সভাপতি, বিদেশে চলচ্চিত্র স্যুটিংয়ের অনুমতি প্রদান কমিটি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৭। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।
৮। ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, কারওয়ান বাজার, ঢাকা।
৯। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১০। মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডেস্ক অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১৩। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
১৪ মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। প্রশাসক, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক-পরিবেশক সমিতি, স্কাই লার্ক পয়েন্ট (৮ম তলা), ১৭৫, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
১৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৭.১১.২০১৭
(শাহীন আরা বেগম, পিএএ)
উপসচিব(চলচ্চিত্র)
ফোন- ৯৫৪০৪৬৩